# Times Today BD

মো. নাঈম | বরিশাল | 12 April, 2025

ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলার কচুয়ায় পুরাতন বছরকে বিদায় জানিয়ে গ্রামীন ঐতিহ্যবাহী ঘোড় দৌড় অনুষ্ঠিত হয়েছে।কচুয়ার স্থানীয় যুব সমাজ খন্দকার বাড়ির মাঠে এ ঘোড় দৌড়ের আয়োজন করেন।প্রতিযোগিতায় ১৫ টি ঘোড়া অংশনেন।

ঘোড় দৌড় দেখতে কাঁঠালিয়া, রাজাপুর, বেতাগী ও বরগুনাসহ বিভিন্ন গ্রাম-গঞ্জের হাজার হাজার নারী-পুরুষ ও শিশুরা অংশ গ্রহন করেন। মাঠের চারপাশে স্থানীয়রা মেলার আয়োজন করেন।
এতে দোগনার মোঃ এনায়েতে হোসেন এর ঘোড়া প্রথম হন।পর্যায়ক্রমে আওরাবুনিয়ার মোঃ মহসিনের ঘোড়া দ্বিতীয় ও দোগনার মিরাজ সিকদারের ঘোড়া তৃতীয় স্থান লাভ করেন।

পরে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরন করেন তরুন সমাজ সেবক ও রুবেল যুব ও ক্রীড়া সংঘের প্রতিষ্ঠাতা ও সভাপতি মোঃ আতিকুর রহমান রুবেল।

ঘোড় দৌড় নতুন বছর

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:29

URL: https://www.timestodaybd.com/barishal/196109664